গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা
www.epb.gov.bd


নং-২৬.০২.০০০০.০০.০১৯.৫১.০০০২.২৬/৬৭৩(১)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৬ খ্রি.

## সিআইপি (রপ্তানি)-২০২৭ নির্বাচনের জন্য অনলাইনে আবেদন আহবান

সিআইপি (রপ্তানি)-২০২৭ নির্বাচনের লক্ষ্যে বাংলাদেশে নিবন্ধিত পণ্য ও সেবা রপ্তানিতে নিয়োজিত দেশি/বিদেশি রপ্তানিকারক ও রপ্তানিকারী প্রতিষ্ঠানের উদ্যোক্তাগণের নিকট হতে নির্ধারিত ফরমে শুধুমাত্র অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে।

০২। সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০২৩ অনুসারে পণ্য ও সেবা খাত ৩৫টি খাতে বিভক্ত। **সিআইপি (রপ্তানি)-২০২৭ এর জন্য আগ্রহী রপ্তানিকারকদের ২০২৫-২০২৬ অর্থবছরের পণ্য ও সেবা খাতওয়ারী ন্যূনতম রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) নিম্নরূপ:**

| ক্র:নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম আয় | ক্র:নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম আয় |
|---|---|---|---|---|---|
| (১) | কাঁচা পাট | ৫.০০ | (১৯) | টেরিটাওয়েল | ৫.০০ |
| (২) | পাটজাত দ্রব্য (জুট ইয়ার্ন ও টোয়াইন, জুট কার্পেট, জুট ম্যানুফেকচারার্স) | ১০.০০ | (২০) | ফুল-ফলিয়েজ | ১.৫০ |
| (৩) | বহুমুখী (ডাইভারসিফাইড) পাটজাত পণ্য (ফ্যাশনেবল জুতা ও ব্যাগ, জুট জিও টেক্স ইত্যাদি) | ২.০০ | (২১) | সকল ধরনের ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স পণ্য | ৮.০০ |
| (৪) | চামড়া (ক্রাস্ট/ফিনিশড) | ১০.০০ | (২২) | প্রিন্টিং ও প্যাকেজিং পণ্য | ৪.০০ |
| (৫) | চামড়াজাত দ্রব্য (চামড়ার জুতা, অচামড়াজাত জুতা, ব্যাগ, ওয়ালেট, বেল্ট, জ্যাকেট ইত্যাদি) | ৪.০০ | (২৩) | গার্মেন্টস এক্সেসরিজ পণ্য | ৪.০০ |
| (৬) | হিমায়িত খাদ্য, জীবিত ও বরফায়িত মাছ | ১০.০০ | (২৪) | সিরামিক পণ্য ও মেলামাইন পণ্য | ১.৫০ |
| (৭) | চা | ১.০০ | (২৫) | প্লাস্টিকজাত পণ্য | ১.০০ |
| (৮) | তৈরি পোশাক (ওভেন) | ৭০.০০ | (২৬) | টেক্সটাইল ফেব্রিক্স | ১৫.০০ |
| (৯) | কৃষিজ পণ্য (তামাক ব্যতীত) | ১.০০ | (২৭) | জাহাজ ও সমুদ্রগামী ফিশিং ট্রলার | ২০.০০ |
| (১০) | এগ্রোপ্রসেসিং পণ্য (প্রসেসড জ্যাম, জেলি, আচার, মশলা, চিপস, চিড়া, মুড়ি জাতীয় পণ্য) (তামাক ব্যতীত) | ১.০০ | (২৮) | আসবাবপত্র | ৩.০০ |
| (১১) | সাইকেল ও বাইসাইকেল এবং মোটর সাইকেল/অটোমোবাইল পার্টস/অন্যান্য মোটর গাড়ী | ৪.০০ | (২৯) | নারী উদ্যোক্তা কর্তৃক রপ্তানিকৃত পণ্য ও সেবা | ১.০০ |
| (১২) | একুমুলেটরস এন্ড ব্যাটারি | ১.০০ | (৩০) | বিবিধ পণ্য (জুয়েলারি, হ্যাট ও ক্যাপ, টয়লেট্রিজ, খেলনা এবং অন্যান্য) | ১.০০ |
| (১৩) | ফার্মাসিটিউক্যাল প্রোডাক্টস/স্বাস্থ্য ও সুরক্ষা সামগ্রী | ৫.০০ | (৩১) | কম্পিউটার হার্ডওয়্যার ও কম্পিউটার পেরিফেরালস্ | ২.০০ |
| (১৪) | হস্তশিল্পজাত ও কারুপণ্য | ১.০০ | (৩২) | কনসালটেন্সি ও মেইনটেনেন্স | ৫.০০ |
| (১৫) | স্পেশালাইজড টেক্সটাইল/হোম টেক্সটাইল (বাথরোব, ডোর কার্টেন, কুশন কভার, বেডশীট, বেড কভার, পিলো কভার ইত্যাদি) | ৫৫.০০ | (৩৩) | সফটওয়্যার ও আইসিটি এনাবল সার্ভিসেস | ১.০০ |
| (১৬) | তৈরি পোশাক (নীটওয়্যার) | ৭০.০০ | (৩৪) | ট্যুরিজম এন্ড হসপিটালিটি | ৫.০০ |
| (১৭) | সকল ধরনের সুতা (ডেনিম ব্যতীত) ও ম্যান মেইড ফাইবার | ৩০.০০ | (৩৫) | অন্যান্য সেবা খাত (ইন্ডেনটিং, বায়িং হাউজ, ফ্রিল্যান্সিং, আউটসোর্সিং, ব্যাংকিংসহ বিদ্যমান রপ্তানি নীতি অনুযায়ী) | ৫.০০ |
| (১৮) | ডেনিম ফেব্রিক্স ও ডেনিম তৈরি পোশাক | ২০.০০ | | | |

০৩। রপ্তানি উন্নয়ন ব্যুরোর সকল কার্যালয়, ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd), সকল চেম্বার/এসোসিয়েশন, বেজা ও বেপজা কার্যালয় হতেও সিআইপি (রপ্তানি)-২০২৭ এর আবেদনের তথ্য ও লিঙ্ক সংগ্রহ করা যাবে। অনলাইনে আবেদনের লিংক:

**https://mocservices.gov.bd/portal/cip** এর মাধ্যমে প্রবেশ অথবা সরাসরি **http://43.229.15.128/portal/cip**
**আগামী ০১ আগস্ট হতে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে আবেদন দাখিল করা যাবে।**

০৪। আবেদনের সাথে যেসব হালনাগাদ ডকুমেন্টস দাখিল করতে হবে: (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের আয়কর পরিশোধের স্বপক্ষে সংশ্লিষ্ট আয়কর অফিস হতে সনদ (ব্যক্তি ও প্রতিষ্ঠান); (খ) মূল্য সংযোজন কর (VAT) পরিশোধ সংক্রান্ত সনদ; (গ) ঋণ খেলাপী নয় ও অর্থ পাচার মামলায় জড়িত নয় মর্মে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে ঘোষণাপত্র; (ঘ) পরিবেশ অধিদপ্তরের হালনাগাদ সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে); (ঙ) সংশ্লিষ্ট ব্যাংক এর লেটারহেড প্যাডে প্রতিষ্ঠানের নাম, রপ্তানিকৃত পণ্যের নাম ও এফওবি মূল্যে প্রত্যাবাসিত মূল্য (মিলিয়ন মার্কিন ডলারে) প্রদানপূর্বক ২০২৫-২০২৬ অর্থবছরের এক পাতার প্রসিড রিয়ালাইজেশন সার্টিফিকেট (PRC) এর মূল ফর্দ; (চ) প্রচ্ছন্ন ও আংশিক প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানকে এক পাতার মূল পিআরসি এর সাথে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছক অনুযায়ী ই-পিআরসি সংযুক্ত করতে হবে; এবং (ছ) অনলাইন আবেদন ফরম এর শর্তানুযায়ী প্রদেয় অন্যান্য তথ্য/ডকুমেন্টস।

০৫। সিআইপি'র জন্য একই মালিকানাধীন গ্রুপভুক্ত প্রতিষ্ঠানসমূহ একই ক্যাটাগরি/খাতভুক্ত পণ্য বা সেবা রপ্তানি করলে গ্রুপের নাম, প্রতিটি ইউনিটের রপ্তানি নাম, আয়, পণ্যের বিবরণ ও যাচিত অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক Certificate of Incorporation-সহ গ্রুপের পক্ষে ঐ সকল প্রতিষ্ঠানের পক্ষে কেবলমাত্র একজন আবেদন করতে পারবেন।

০৬। কোন প্রতিষ্ঠান একাধিক পণ্য ও সেবা রপ্তানি করলে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পণ্য ও সেবা-অনুযায়ী (HS Code) পৃথক পৃথক আবেদন দাখিল করতে হবে। অর্থাৎ এক খাতের পণ্য উৎপাদক ও রপ্তানিকারক কর্তৃক অন্য কোন খাতের রপ্তানি আয় আবেদনে একত্রে প্রদর্শন করা হলে আবেদন বাতিলযোগ্য হবে।

০৭। True Single Source হিসেবে বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেম (OEMS)-এর তথ্যভান্ডারে রক্ষিত প্রতিষ্ঠানের রপ্তানি আয়কে চূড়ান্ত ও সঠিক হিসেবে বিবেচনা করা হবে। ভুল/অসত্য তথ্য কোনভাবেই গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ বা ভুল আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৮। সিআইপি (রপ্তানি)-২০২৭ এর আবেদন অনলাইনে উপরে বর্ণিত শর্তাবলী প্রতিপালনপূর্বক আগামী ৩১ আগস্ট ২০২৬ খ্রি. তারিখ-এর মধ্যে দাখিল করতে হবে। কোন আবেদনের হার্ডকপি গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। **অনলাইন পদ্ধতিতে বিলম্বে আবেদন দাখিল/গ্রহণের কোন সুযোগ থাকবে না।** বিস্তারিত তথ্যের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো'র পণ্য বিভাগ-এ যোগাযোগ করা যেতে পারে।

২৮/৭/২০২৬


(কুমকুম সুলতানা)
পরিচালক
পণ্য বিভাগ
E-mail: dir-commodity@epb.gov.bd


CamScanner